# আল-আদাবুল মুফরাদ

হাদিস নাম্বারঃ ৯৭৪

হাঁচি ও তার জবাবদান

পরিচ্ছেদঃ ৪৩৯- (প্রথম তিন খলীফাকে জানাতের সুসংবাদ)।

بَابٌ [في المبشرين بالجنة]

আরবী

حَدَّثَنَا مُسَدَّدٌ، قَالَ: حَدَّثَنَا يَحْيَى، عَنْ عُثْمَانَ بْنِ غِيَاثٍ، قَالَ: حَدَّثَنَا أَبُو عُثْمَانَ، عَنْ أَبِي مُوسَى، أَنَّهُ كَانَ مَعَ النَّبِيِّ صلى الله عليه وسلم فِي حَائِطٍ مِنْ حِيطَانِ الْمَدِينَةِ، وَفِي يَدِ النَّبِيِّ صلى الله عليه وسلم عُودٌ يَضْرِبُ بِهِ مِنَ الْمَاءِ وَالطِّينِ، فَجَاءَ رَجُلٌ يَسْتَفْتِحُ، فَقَالَ النَّبِيُّ صلى الله عليه وسلم: افْتَحْ لَهُ، وَبَشِّرْهُ بِالْجَنَّةِ، فَذَهَبَ، فَإِذَا أَبُو بَكْرٍ رَضِيَ اللَّهُ عَنْهُ، فَفَتَحْتُ لَهُ، وَبَشَّرْتُهُ بِالْجَنَّةِ. ثُمَّ اسْتَفْتَحَ رَجُلٌ آخَرُ، فَقَالَ: افْتَحْ لَهُ، وَبَشِّرْهُ بِالْجَنَّةِ، فَإِذَا عُمَرُ رَضِيَ اللَّهُ عَنْهُ، فَفَتَحْتُ لَهُ، وَبَشَّرْتُهُ بِالْجَنَّةِ. ثُمَّ اسْتَفْتَحَ رَجُلٌ آخَرُ، وَكَانَ مُتَّكِئًا فَجَلَسَ، وَقَالَ: افْتَحْ لَهُ، وَبَشِّرْهُ بِالْجَنَّةِ عَلَى بَلْوَى تُصِيبُهُ، أَوْ تَكُونُ، فَذَهَبْتُ، فَإِذَا عُثْمَانُ، فَفَتَحْتُ لَهُ، فَأَخْبَرْتُهُ بِالَّذِي قَالَ، قَالَ: اللَّهُ الْمُسْتَعَانُ.

বাংলা

৯৭৪। আবু মূসা (রাঃ) থেকে বর্ণিত। তিনি নবী সাল্লাল্লাহু আলাইহি ওয়াসাল্লাম এর সাথে মদীনার বাগানসমূহের মধ্যকার এক বাগানে ছিলেন। নবী সাল্লাল্লাহু আলাইহি ওয়াসাল্লাম-এর হাতে ছিল একটি লাঠি। তিনি তা দ্বারা পানি ও কাদা মাটিতে আঘাত করছিলেন। তখন এক ব্যক্তি এসে (বাগানের প্রবেশদ্বার) খোলার আবেদন করলেন। নবী সাল্লাল্লাহু আলাইহি ওয়াসাল্লাম বলেনঃ তার জন্য (প্রবেশদ্বার) খুলে দাও এবং তাকে বেহেশতের সুসংবাদ দাও। আমি গিয়ে দেখি আবু বাকর (রাঃ)। আমি তার জন্য দ্বার খুলে দিলাম এবং তাকে বেহেশতের সুসংবাদ দিলাম। অতঃপর আরেক ব্যক্তি প্রবেশদ্বার খোলার আবেদন করলেন। তিনি বলেনঃ দ্বার খুলে দিয়ে তাকেও বেহেশতের সুসংবাদ দাও। তিনি ছিলেন উমার (রাঃ)। আমি দ্বার খুলে দিয়ে তাকে বেহেশতের সুসংবাদ দিলাম। অতঃপর আরেক ব্যক্তি দ্বার খোলার আবেদন করলেন। নবী সাল্লাল্লাহু আলাইহি ওয়াসাল্লাম তখন হেলান দিয়ে বসা ছিলেন। তিনি সোজা হয়ে বসে বলেনঃ তাকেও ফটক খুলে দাও এবং তাকেও বিপদাপদের শিকার হওয়াসহ বেহেশতের সুসংবাদ দাও। আমি গিয়ে দেখি তিনি উসমান (রাঃ)। আমি তাকে দ্বার খুলে দিলাম এবং নবী সাল্লাল্লাহু আলাইহি ওয়াসাল্লাম যা বলেছেন তা তাকে অবহিত করলাম। তিনি বলেন, আল্লাহই আমার

সাহায্যকারী। (বুখারী, মুসলিম, তিরমিযী)

## English

It is related that Abu Musa was with the Prophet, may Allah bless him and grant him peace, in one of the gardens of Madina. He said, "The Prophet, may Allah bless him and grant him peace, had a twig in his hand with which he was striking the water and mud. A man came and asked for the garden to be opened, and the Prophet, may Allah bless him and grant him peace, said, 'Open it for him and give him the good news of the Garden.' I went and it was Abu Bakr, may Allah be pleased with him. I opened the gate for him and gave him the good news of the Garden. Then another man asked to be let in and the Prophet, may Allah bless him and grant him peace, said, 'Open the door and give him the good news of the Garden.' It was 'Umar, may Allah be pleased with him, and I let him in and gave him the good news of the Garden. Then yet another man asked to be let in. The Prophet had been reclining, but he then sat up and said, 'Open it for him and give him the good news of the Garden along with an affliction which will befall him ? or which will happen.' I went and it was 'Uthman, I opened the door and told him what the Prophet had said. He said, 'Allah is the One who is asked for help. '"

হাদিসের মান: সহিহ (Sahih) পুনঃনিরীক্ষিত

পাবলিশারঃ আহসান পাবলিকেশন

Link — https://www.hadithbd.com/hadith/link/?id=46358

হাদিসবিডির প্রজেক্টে অনুদান দিন